



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৬৪৬৩/

তারিখ :


বিষয় : ব্যবসায় শিক্ষা শাখা স্থায়ীভাবে খোলার অনুমতি প্রদান

- সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শাঃ ১১/-৫/৯৭/(অংশ)/৬৭৬(৭) শিক্ষা, তারিখ : ২৫-৮-৯৮ খ্রি.  
খ) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শাঃ ৯/৬-৩/৯৮/(অংশ-১)/৬৪৫(৮) শিক্ষা, তারিখ : ০৬-৯-২০০১ খ্রি.  
গ) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা- এর স্মারক নং ১৭৭৪, তারিখ : ২৮-১০-২০১৫ খ্রি.  
ঘ) প্রধান শিক্ষকের ২৯-১০-২০১৫ খ্রি. তারিখে অনলইনে প্রেরিত আবেদন, আইডি নং- ২৮৫৩

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী নীতিমালার আলোকে ব্যবসায় শিক্ষা শাখা খোলার প্রাথমিক শর্তসমূহ পূরণ হওয়ায় নিম্নে আরোপিত শর্তে আপনার বিদ্যালয়ে ০১-০১-২০১৫ খ্রি. তারিখ হতে ৯ম শ্রেণিতে এবং ০১-০১-২০১৬ খ্রি. তারিখ হতে ১০ম শ্রেণিতে ব্যবসায় শিক্ষা শাখা স্থায়ীভাবে খোলার অনুমতি প্রদান করা হল-  
**শর্তাবলী**

- ১। ব্যবসায় শিক্ষা শাখায় ছাত্র/ছাত্রী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ২। এমপিওভুক্ত না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকৃত শিক্ষকের বেতন-ভাতা সরকারি বেতনক্রম অনুসারে বিদ্যালয় কর্তৃপক্ষ প্রদান করবে।
- ৩। ছাত্র/ছাত্রীদের প্রতিদিনের উপস্থিতিসহ বিদ্যালয়ের সকল তথ্য ওয়েবসাইটে প্রদান করতে হবে
- ৪। বিদ্যালয়ে কম্পিউটার শিক্ষা বিষয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে
- ৫। সকল শিক্ষককে কম্পিউটার পরিচালনার প্রাথমিক জ্ঞান অর্জন করতে হবে
- ৬। বিদ্যালয়ের পাঠাগারে ব্যবসায় শিক্ষা বিষয়ক বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে
- ৭। কম্পিউটার শিক্ষা বিষয়ক শিক্ষককে বিষয় ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে
- ৮। লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের তথ্য আপলোড করতে হবে

প্রধান শিক্ষক  
লখাইডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়,  
ডাকঘর : মশিয়াহাটি, উপজেলা : মণিরামপুর  
জেলা : যশোর


  
(ড. মোঃ আহসান হাবীব)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা  
বোর্ড, যশোর  
ফোন : ০৪২১-৬৮৬৩৪

স্মারক নং- বিঅ-৬/৬৪৬৩/ ২২০৮

তারিখ : ০৩/০১/১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মণিরামপুর, যশোর।
- ৮। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৯। সংরক্ষণ নথি

  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর